
# প্রধানমন্ত্রী তারেক রহমানকে জাপান সফরের আমন্ত্রণ



ছবি: পিএম

প্রধানমন্ত্রী তারেক রহমানকে জাপান সফরের আমন্ত্রণ জানিয়েছে দেশটির একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল। বুধবার (১ জুলাই ২০২৬) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে এ আমন্ত্রণ জানানো হয়।

বৈঠকে জাইকার অর্থায়নে চলমান বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর, এমআরটি প্রকল্প এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন প্রধানমন্ত্রী।

এ সময় জ্বালানি খাতে বাংলাদেশকে জাপানের আর্থিক সহায়তা ৩১২ মিলিয়ন মার্কিন ডলার থেকে ৫০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করার বিষয়ে ইতিবাচক মনোভাবের কথা জানায় প্রতিনিধি দল। পাশাপাশি বাংলাদেশ–জাপান অর্থনৈতিক অংশীদারত্ব চুক্তির কার্যক্রম দ্রুত এগিয়ে নেওয়ার বিষয়েও উভয় পক্ষ গুরুত্বারোপ করে।

LENS ASIA

বৈঠকে বাংলাদেশ নৌবাহিনীর জন্য জাপানের পক্ষ থেকে পাঁচটি প্যাট্রোল বোট দেওয়ার বিষয়েও আলোচনা হয়। এছাড়া রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছায় ও টেকসই প্রত্যাবাসনে জাপানের অব্যাহত সহযোগিতা কামনা করেন প্রধানমন্ত্রী।

সাক্ষাৎ শেষে প্রতিনিধি দল প্রধানমন্ত্রীকে জাপান সফরের আনুষ্ঠানিক আমন্ত্রণ জানায়। জবাবে তিনি সুবিধাজনক সময়ে দেশটি সফরের আশা প্রকাশ করেন।

বৈঠকে বাংলাদেশ ও জাপানের ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তারা উপস্থিত ছিলেন।